

ফতওয়া নং ২৫৬

প্রশ্নঃ

হযরত আমার প্রশ্নটা হল, কতটা পরিমাণ পানি থাকলে, সেই পানিতে মানুষের পেশাব, পায়খানা, বীর্য, রক্ত, ইত্যাদি নাপাকি জিনিস পড়ে গেলেও সেই পানিটা নাপাক হবে না বরং পাক থাকবে।

উত্তরঃ

বদ্ধ অল্প পানি সামান্য নাপাক দ্বারাই নাপাক হয়ে যায়। পানিতে নাপাকির রঙ, গন্ধ বা স্বাদ প্রকাশিত হোক বা না হোক।

আর অধিক বা স্রোতের পানিতে নাপাক বস্তু পড়লে, যতক্ষণ নাপাকির রঙ, গন্ধ বা স্বাদ পানিতে প্রকাশিত না হবে, ততক্ষণ পানি নাপাক হবে না।

শরীয়াতে ১০০ বর্গ হাত প্রশস্ত ও কোষ ভরে পানি নিলে তলা প্রকাশ হয়ে যায় না অন্ততঃ এতটা গভীর পানিকে 'অধিক পানি' এবং এর চেয়ে কম পানিকে 'অল্প পানি' বলে।

আর ঘাস, লতা পাতা যে পানি ভাসিয়ে নিয়ে যায়, সে পানিকে 'স্রোতের পানি' বলে; স্রোতের বেগ যতই কম হোক না কেন। (বেহেশতী জেওর দৃষ্টব্য)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।
২৩ রজব, ১৪৪৫ হিজরী (3/02/2024)